যুগান্তর

তারিখ ..25 JUN 2015....
পৃষ্ঠা ..১৫.. কলাম.... ৪......

# টাঙ্গাইলে ছাত্রলীগের পদবঞ্চিতদের হরতাল আজ

টাঙ্গাইল প্রতিনিধি

আজ টাঙ্গাইল জেলায় সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত হরতালের ডাক দিয়েছে জেলা ছাত্রলীগের নতুন কমিটিতে পদবঞ্চিত নেতাকর্মীরা। বুধবার সন্ধ্যায় পদবঞ্চিত নেতাকর্মীরা শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে শহরের শহীদ মিনার প্রাঙ্গণে সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করে। এ সময় তারা বৃহস্পতিবার সকাল-সন্ধ্যা হরতালের ডাক দেন। উল্লেখ্য, টাঙ্গাইল জেলা ছাত্রলীগের পুরাতন কমিটি বিলুপ্তি করে ইসতিয়াক আহমেদ রাজিবকে সভাপতি ও শামীম আল মামুনকে সাধারণ সম্পাদক করে নতুন কমিটির অনুমোদন দেয়া হয়। বুধবার বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ নতুন কমিটির ঘোষণা দেন।